

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি কলেজ (শাখা-৪)  
www.shed.gov.bd

নং-শাঃ-৩৭.০০.০০০০.০৬৯.০২৬.০২১.২০১৭/৯৭২


তারিখ: ২৬ ভাদ্র ১৪২৪  
১০ সেপ্টেম্বর ২০১৭

বিষয়ঃ কারমাইকেল কলেজ, রংপুর-এর জন্য একটি গাড়ী ক্রয়ের নিমিত্তে অতিরিক্ত অর্থ ব্যয়ের অনুমতি প্রদান প্রসংগে।

সূত্রঃ মাউশি'র পত্র নং-৩৭.০২.০০০০.১০৩.৯৯.০২৯.১৬/১২৩৮, তারিখ: ০৩/০৪/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ২৭/১০/২০১৬ তারিখের ০৭.১৫৬.০২৬.০০.০১.২০০৪ (অংশ-১)-৫৫০ সংখ্যক স্মারকাদেশ মোতাবেক কলেজের পরিবহন তহবিল থেকে ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ টাকা) ব্যয়ে একটি মাইক্রোবাস ক্রয়ের অনুমতি প্রদান করা হয়। পরবর্তীতে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা এর আবেদনের পরিপ্রেক্ষিতে কারমাইকেল কলেজ, রংপুর-এর জন্য নিজস্ব তহবিল হতে অতিরিক্ত ২,৪১,০০০/- (দুই লক্ষ একচল্লিশ হাজার) টাকা সহ মোট ৪২,৪১,০০০/- (বিরাল্লিশ লক্ষ একচল্লিশ হাজার) ব্যয়ে নিম্নোক্ত শর্তে একটি মাইক্রোবাস ক্রয়ের অনুমতি প্রদান করা হলো:

- (১) গাড়ী ক্রয়ে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
- (২) সরকারি বিধি মোতাবেক সরকারি প্রতিষ্ঠান প্রগতি হতে/দরপত্র আহ্বানের মাধ্যমে প্রগতি ইস্যুরেপ লিমিটেড হতে নির্ধারিত মূল্যে গাড়ী ক্রয় করতে হবে।
- (৩) আর্থিক অনিয়ম সংঘটিত হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবে।
- (৪) শিক্ষার্থীদের নিকট থেকে এ বাবদ অতিরিক্ত কোন ফিস আদায় করা যাবে না।
- (৫) শিক্ষা মন্ত্রণালয় হতে ০৬ জুলাই ২০১৪ তারিখে জারীকৃত পরিপত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

  
(ফাতেমা তুল জান্নাত)  
সিনিয়র সহকারি সচিব  
ফোন-৯৫৭০৬৬৩

মহাপরিচালক,  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,  
শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপিঃ

- ১। অধ্যক্ষ, কারমাইকেল কলেজ, রংপুর।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৩। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, .....
- ৪। অফিস কপি।